গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮ - ৬৯৬ তারিখঃ ৬/৯/১৮ইং

## অফিস আদেশ

**বিষয়ঃ এলজিইডি'র অধীন বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় পৌরসভা পর্যায়ে ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্টের (e-GP) মাধ্যমে ক্রয় সংক্রান্ত দরপত্র উন্মুক্তকরণের জন্য "দরপত্র উন্মুক্তকরণ কমিটি" এবং দরপত্র মূল্যায়নের জন্য "দরপত্র মূল্যায়ন কমিটি" গঠন প্রসঙ্গে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় পৌরসভা পর্যায়ে ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্টের (e-GP) মাধ্যমে ক্রয় সংক্রান্ত দরপত্র উন্মুক্তকরণ এবং দরপত্র মূল্যায়নের জন্য Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines, 2011 এর Appendix-2 এর SN 3 এবং 4 অনুযায়ী নিম্নরূপ "দরপত্র উন্মুক্তকরণ কমিটি" এবং "দরপত্র মূল্যায়ন কমিটি" গঠন করা হলো। ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল অফিস আদেশ বাতিল করা হলো।

১। **দরপত্র মূল্যায়ন কমিটি** (আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী সংস্থা প্রধান অথবা প্রকল্প পরিচালক পর্যায়ে অনুমোদনযোগ্য কার্য ও ভৌত সেবা ক্রয় সংক্রান্ত)

| ক্রঃ নং | পদবী | Committee Role | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন), সংশ্লিষ্ট পৌরসভা/সহকারী প্রকৌশলী হিসেবে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে) | চেয়ারম্যান | Same PE |
| ০২ | উপজেলা প্রকৌশলী অথবা তার মনোনীত প্রতিনিধি, সংশ্লিষ্ট উপজেলা | সদস্য | Other PE |
| ০৩ | সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন)/উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ/যান্ত্রিক)/নক্সাকার/সার্ভেয়ার/(জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে) উপরোক্ত ক্রম হতে সদস্য না পাওয়া গেলে সচিব/হিসাব রক্ষক, সংশ্লিষ্ট পৌরসভা দায়িত্ব পালন করবেন। | সদস্য-সচিব | Same PE |

**কমিটির কর্মপরিধিঃ**

ক) দরপত্র পরীক্ষা ও মূল্যায়ন করা;
খ) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা;
গ) মূল্যায়ন প্রতিবেদন পিপিআর-২০০৮ এর বিধি-৩৬ মোতাবেক অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা;
ঘ) Pre-Qualification Applications মূল্যায়নপূর্বক সুপারিশসহ বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা (প্রযোজ্য ক্ষেত্রে)।

২। **দরপত্র উন্মুক্তকরণ কমিটি** (আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী সংস্থা প্রধান অথবা প্রকল্প পরিচালক পর্যায়ে অনুমোদনযোগ্য কার্য ও ভৌত সেবা ক্রয় সংক্রান্ত)

| ক্রঃনং | পদবী |
|---|---|
| ০১ | মূল্যায়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব দরপত্র উন্মুক্তকরণ কমিটিতেও যথাক্রমে সভাপতি ও সদস্য সচিব হিসেবে কাজ করবে। |

**কমিটির কর্মপরিধিঃ**

ক) দরপত্র উন্মুক্তকরণ কমিটি e-GP Portal-এ বর্ণিত ধাপসমূহ যথাযথ অনুসরণ করে দরপত্র উন্মুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করবে।

এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আবুল কালাম আজাদ)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮ তারিখঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি,................................... বিভাগ, জেলাঃ......................................।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি,...................................... অঞ্চল, জেলাঃ.........................................।
৫। প্রকল্প পরিচালক (সকল)................................................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৬। মেয়র (সকল), ...................................পৌরসভা, জেলাঃ ........................................।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ ...................................................।
৮। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, .............................উপজেলা, জেলাঃ ...............................।

(মোঃ আব্দুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)